

# ভাল্লুক দেখলে কী করবেন এবং কী করবেন না

## কী করবেন !

- জঙ্গলে একা হাঁটার সময় সঙ্গে একটি লাঠি রাখুন এবং ওটার সাহায্যে আওয়াজ করুন, যাতে ভাল্লুক আপনার উপস্থিতি বুঝতে পেরে আগেই সরে যায়
- মহুয়া ফুলের মত বনজ সম্পদ বাড়িতে নিরাপদ স্থানে রাখুন, যাতে ভাল্লুক আকৃষ্ট না হয়
- কিছুটা দূরত্বে ভাল্লুকের সাথে হঠাৎ মুখোমুখি হয়ে পড়লে আস্তে আস্তে পিছিয়ে আসুন
- যদি আপনি জঙ্গলে ভাল্লুক দেখতে পান এবং ভাল্লুকটি আপনাকে না দেখে থাকে, তাহলে কোনো শব্দ না করে আস্তে আস্তে পিছিয়ে আসুন
- কিছুটা দূরে ভাল্লুক দেখতে পেলে ওপরে হাত তুলে জোরে চিৎকার করুন। এতে ভাল্লুকটি আপনাকে শক্তিশালী বিপক্ষ ভেবে বিভ্রান্ত হয়ে আক্রমণ করবে না
- গ্রামে বা গ্রামের নিকটবর্তী জঙ্গলে ভাল্লুক দেখতে পেলে বনদপ্তরে খবর দিন
- আক্রান্ত ব্যক্তিকে তৎক্ষণাৎ নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান এবং বনদপ্তরে খবর দিন

## কী করবেন না!

- জঙ্গলে একা ঘুরবেন না
- অন্ধকার থাকতে কেন্দুপাতা বা মহুয়াফুল সংগ্রহ করতে জঙ্গলে যাবেন না
- আওয়াজ করবেন না বা দৌড়াবেন না, এতে ভাল্লুকটি ভয় পেয়ে আক্রমণ করতে পারে
- ভাল্লুক তাড়া করলে প্রাণ বাঁচাতে গাছে উঠতে যাবেন না, কারণ ভাল্লুক খুব ভালো গাছে উঠতে পারে
- ভাল্লুককে তাড়াতে পাথর ছুঁড়বেন না বা ফ্ল্যাশলাইট ব্যবহার করবেন না, এর ফলে সে আত্মরক্ষার জন্য আক্রমণ করতে পারে
- সূর্য ওঠার আগে বা অন্ধকার নামার পর শৌচ কর্মের জন্য জঙ্গল বা জঙ্গলের ধারে যাবেন না। বাড়ির শৌচালয় ব্যবহার করুন
- বাড়ির আশপাশে বা রাস্তায় বর্জ্যপদার্থ ফেলবেন না। ভাল্লুক খাবারের সন্ধানে বর্জ্যপদার্থের প্রতি আকর্ষিত হতে পারে

ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনে ইন্দো-জার্মান সহযোগিতা
২০১৭-২০২৩
একটি সমন্বয়পূর্ণ সহাবস্থান গ্রহণে
ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনের পদ্ধতি